# আস-সাফফাত | As-Saffat | ٱلصَّافَّات

আয়াতঃ ৩৭ : ৪

## আরবি মূল আয়াত:

إِنَّ إِلَٰهَكُمْ لَوَاحِدٌ ﴿٤﴾

## অনুবাদসমূহ:

নিশ্চয় তোমাদের ইলাহ এক; — আল-বায়ান

তোমাদের প্রকৃত ইলাহ অবশ্য একজন। — তাইসিরুল

নিশ্চয়ই তোমাদের মা'বূদ এক। — মুজিবুর রহমান

Indeed, your God is One, — Sahih International

### ৪. নিশ্চয় তোমাদের ইলাহ এক,

-

তাফসীরে জাকারিয়া

### (৪) নিশ্চয়ই তোমাদের উপাস্য এক। [1]

[1] تاليات , زاجرات , صآفّات - এসব ফিরিশতাগণের গুণ। আকাশে আল্লাহর ইবাদতের জন্য সারিবদ্ধ অথবা আল্লাহর আদেশের অপেক্ষায় সারিবদ্ধভাবে দন্ডায়মান, ওয়ায-নসীহতের মাধ্যমে মানুষকে ডাঁট-ধমককারী অথবা মেঘমালাকে আল্লাহর আদেশক্রমে হাঁকিয়ে নিয়ে যায় এমন ফিরিশতা এবং আল্লাহর যিকর ও কুরআন তেলাঅতকারী; এই সকল ফিরিশতাগণের শপথ করে আল্লাহ তাআলা বর্ণনা করলেন যে, সকল মানুষের উপাস্য এক, একাধিক নয়; যেমন মুশরিকরা বানিয়ে রেখেছে। সাধারণতঃ তাকীদের জন্য এবং সন্দেহ দূরীভূত করার জন্য কথায় শপথ করা হয়। এখানে আল্লাহ তাআলা তাঁর একত্ব ও উপাস্য হওয়ার বিষয়ে মুশরিকদের যে সন্দেহ ছিল তা দূরীভূত করার জন্য শপথ করেছেন। এ ছাড়া সকল বস্তুই আল্লাহর সৃষ্টি ও মালিকানাধীন, ফলে যে কোন বস্তুকে সাক্ষী বানিয়ে তার শপথ করা (বা কসম খাওয়া) তাঁর জন্য বৈধ। কিন্তু মানুষের জন্য আল্লাহ ব্যতীত অন্য কারও শপথ করা একেবারে অবৈধ ও হারাম। কারণ শপথে, যার শপথ করা হয় তাকে সাক্ষী রাখার উদ্দেশ্য থাকে। আর গায়বী বিষয়ে আল্লাহ ব্যতীত অন্য কেউ সাক্ষী হতে পারে না। কারণ একমাত্র 'আলেমুল গায়েব' তিনিই, তিনি ব্যতীত গায়বের খবর অন্য কেউ জানে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3792

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন